# দুবাইয়ে কাটানো প্রতি মিনিটের জন্য পুরস্কার!

- A Monitor Desk Report Date: 09 August, 2021




এমিরেটস ও ফ্লাই দুবাইয়ের লয়্যালটি প্রোগ্রাম- এমিরেটস স্কাইওয়ার্ডস তাদের সদস্যদের জন্য একটি অভিনব অফার ঘোষনা করেছে। যাত্রাবিরতি বা অবকাশ যাপন উপলক্ষ্যে দুবাইয়ে কাটানো প্রতিটি মিনিটের জন্য যাত্রীরা ১ স্কাইওয়ার্ডস 'মাইল' বা পয়েন্ট লাভ করবেন এবং সর্বোচ্চ ৫,০০০ মাইল অর্জনের সুযোগ থাকবে। আসন্ন এক্সপো ২০২০ এবং সংযুক্ত আরব আমিরাতের সুবর্ণ জয়ন্ত্রী উদযাপন উপলক্ষ্যে যাত্রীদের এই সুবিধা দেয়া হচ্ছে।

পহেলা আগস্ট ২০২১ এবং ৩১ মার্চ ২০২২ এর মধ্যে ক্রয়কৃত যে কোন এমিরেটস টিকিটের ক্ষেত্রে এই অফার প্রযোজ্য হবে। তবে শর্ত হলো ১ অক্টোবর ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ এর মধ্যে ভ্রমন করতে হবে।

স্কাইওয়ার্ডস সদস্যরা ৩১ মার্চ ২০২২ এর মধ্যে emirates.com এর মাধ্যমে অফারটির জন্য রেজিস্ট্রেশন করতে পারেন। উল্লেখ্য, এমিরেটস এবং এমিরেটস (ইকে) ফ্লাইট নম্বর নিয়ে পরিচালিত ফ্লাই দুবাই-এর সকল ফ্লাইটের জন্য অফারটি প্রযোজ্য।

এক্সপো ২০২০ আগামী অক্টোবর ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২২ পর্যন্ত দুবাইয়ে অনুষ্ঠিত হবে। ১৯০টির অধিক দেশ থেকে ২.৫ কোটিরও বেশি দর্শক এক্সপো ভিজিট করবেন বলে আশা করা হচ্ছে।

এমিরেটস স্কাইওয়ার্ডস সদস্যরা এমিরেটসের পার্টনার এয়ারলাইন, হোটেল কার রেন্টাল থেকে শুরু করে বিভিন্ন আর্থিক ব্রান্ডের সেবা গ্রহনের মাধ্যমে 'মাইল' অর্জন করে থাকেন। এই অর্জিত মাইল ব্যবহার করে তারা ফ্লাইট টিকিট, হোটেল রুম, খেলাধুলা বা সংস্কৃতিক অনুঠানের টিকিট ক্রয়সহ বিভিন্ন সুবিধা গ্রহণ করতে পারেন।

এমিরেটস বর্তমানে বিশ্বের ১২০টির অধিক গন্তব্যে ফ্লাইট পরিচালনা করছে এবং বাংলাদেশ থেকে পরিচালিত সাপ্তাহিক ফ্লাইটের সংখ্যা ১৭টি।